নরসিংদীতে রেললাইনে কাটা পড়ে ৫জনের মৃত্যু

নরসিংদীর রায়পুরায় রেললাইনের পাশে ৫টি ছিন্নবিচ্ছিন্ন দেহ পড়ে থাকতে দেখা যায়। ধারণা করা হচ্ছে ট্রেনে কাটা পড়েই তাদের মৃত্যু হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে নিহতদের নাম-পরিচয় নিশ্চিত হওয়া যায়নি। আজ সোমবার ভোরে উপজেলার পলাশতলী ইউনিয়নের কমলপুর নামক স্থানে এসব ছিন্নবিচ্ছিন্ন মরদেহ পড়ে থাকতে দেখা যায়।
মেথিকান্দা স্টেশনের স্টেশন মাস্টার আশরাত আলী ৫ ব্যক্তির মৃত্যুর তথ্য নিশ্চিত করেছেন।
স্থানীয়রা জানায়, সকাল সাড়ে ৮টার দিকে রেল লাইনের পাশে পাঁচটি মরদেহ ছিন্নবিচ্ছিন্ন অবস্থায় পরে থাকতে দেখা যায়। পরে পুলিশে খবর দিলে তারা এসে সকাল সাড়ে ৯টার দিকে মরদেহগুলো উদ্ধার করে। তবে ট্রেন থেকে পড়ে গিয়ে নাকি রেল লাইনে বসে থাকা অবস্থায় কাটা পড়েছে এ বিষয়ে নিশ্চিত হতে পারেনি পুলিশ।
ঘটনাস্থলে গিয়ে দেখা যায়, মেথিকান্দা স্টেশন থেকে আড়াই কিলোমিটার দূরে ঘটনাস্থল কমলপুর। ঘটনাস্থলে কোনো সংযোগ সড়ক নেই। এখানে রাস্তা পারাপার হওয়ার সময় কেউ কাটা পরার কথা না। এটি ট্রেনে কাটা না হত্যা তা নিয়ে স্থানীয়দের মাঝে সন্দেহ দেখা দিয়েছে।
জামাল নামে স্থানীয় একজন বলেন, নিহতরা কেউ এলাকার নয়। এই স্থানে কাটা পড়ে মৃত্যু হওয়ার কথা না। এটা হত্যা নাকি দুর্ঘটনা আইনশৃঙ্খলা বাহিনী তদন্ত করে বলতে পারবে।
নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার (রায়পুরা সার্কেল) আফসান আলম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে এসে বলেন, নিহতদের পরিচয় শনাক্তে কাজ করছে পিবিআই ও সিআইডি। তারা ঘটনার কারণ উদ্ধারে কাজ শুরু করছে। ঘটনাটি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।

টানা নয়দিনের সরকারি সফরে জনপ্রশাসন মন্ত্রী মেহেরপুরে

টানা ৯ দিনের সরকারি সফরে মেহেরপুর আসছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

গতকাল শুক্রবার রাতে সড়ক পথে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন মেহেরপুরে এসে পৌঁছান।

৯ দিনের সফরে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন প্রতিদিন নিজ বাড়িতে নেতাকর্মীদের সাথে সাক্ষাৎকারের কর্মসূচি রয়েছে।

আগামী ২২ জুন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করার কথা।

মেহেরপুরে প্রধানমন্ত্রীর উপহারের ২২৯ ঘরের উদ্বোধন

আশ্রয়ন প্রকল্পে উপহারস্বরুপ ঘরের শুভ উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী। সারা বাংলাদেশে ১৮৫৬৬ টি ভূমিহীন পরিবারের এর মাঝে পাকা ঘর ও জমি হস্তান্তর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মেহেরপুর জেলার ২২৯ টি ঘরের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয় সদর উপজেলা পরিষদ চত্বর অডিটোরিয়ামে।

আজ মঙ্গলবার (১১ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে ভার্চুয়ালি যুক্ত হয়ে উদ্বোধন ঘোষণা করেন প্রধানমন্ত্রী।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান, পুলিশ সুপার এসএম নাজমুল হক,অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট শামীম ভুইয়া, অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। এ সময়

জেলার বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব ও জনপ্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

গণভবনে আয়োজিত দেশব্যাপী হস্তান্তর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধন ঘোষণা শেষে একযোগে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। পরে প্রধানমন্ত্রীর অনুমতিক্রমে জেলা প্রশাসকের মাধ্যমে ভূমিহীন পরিবারের সদস্যদের মাঝে দলিল, ঘরের চাবি ও অন্যান্য কাগজপত্র হস্তান্তর করা হয়।

উল্লেখ্য মেহেরপুর জেলায় ২২৯টি ঘরের মধ্যে ৭৫ টি ভূমিহীন পরিবার পেয়েছে উপহারের নতুন ঘর। বাকিরা ইতিপূর্বে নির্মিত ঘরগুলো ভেঙে নতুন ঘরের পুনরনির্মাণ করা হয়েছে।

বন্যপ্রাণী রক্ষায় জাতীয় স্বর্ণ পদক পেলেন ঝিনাইদহের জহির রায়হান

প্রকৃতি ও বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয়ভাবে অবদান রাখায় ‘বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ কনজারভেশন’ পদক পেলেন ঝিনাইদহের জহির রায়হান।

রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে জহির রায়হান এ পদক গ্রহণ করেন।
বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪’র উদ্বোধনের পর প্রধানমন্ত্রী বিভিন্ন ক্যাটাগরিতে জীববৈচিত্র্য রক্ষায় ও বৃক্ষরোপণে প্রশংসনীয় ভূমিকা রাখার জন্যে জাতীয় পুরস্কার-২০২৩ প্রদান করা হয়।

অনুষ্ঠানে বন্যপ্রাণী সংরক্ষণ ও ক্যাপটিভ ব্রিডিং কর্মসূচীতে অবদান রাখায় ঝিনাইদহের জহির রায়হানকে স্বর্ণপদক প্রদাণ করা হয়েছে। ২ ভরি ওজনের স্বর্ণপদক, ১ টি সনদপত্র ও ৫০ হাজার টাকা পুরস্কার প্রদাণ করা হয় তাকে।

উল্লেখ্য, ঝিনাইদহ সদর উপজেলার রামনগর গ্রামের জহির রায়হান। ১৯৯০ সাল থেকে পরিবেশ ও প্রকৃতি সংরক্ষণে কাজ করে যাচ্ছেন তিনি। পেশায় রংমিস্ত্রী হলেও নিজের আয় থেকে বাচানো টাকা দিয়ে তিনি পরিবেশের ভারসাম্য রক্ষায় ৬ হাজার বৃক্ষরোপন করেছেন। পাশাপাশি ২০০২ সাল থেকে বন্যপ্রাণী রক্ষায় গাছে গাছে মাটির কলস বাঁধা, পাখি উদ্ধার, শিকারীদের হাত থেকে বিলুপ্তপ্রায় পাখি উদ্ধার করে অবমুক্ত করণ, জেলেদের জালে আটকা পড়া গুইসাপ, সাপ, শিয়াল উদ্ধারের পর অবমুক্তকরনের কাজ করে চলেছে।

এ ছাড়াও তীব্র তাপদাহের মাঝে পাখিদের জন্য গাছে গাছে পানির পাত্র বেঁধে দেন তিনি। বন্যপ্রাণী রক্ষায় অসামান্য অবদান রাখায় জহির রায়হান এ পদকে ভুষিত হয়েছেন। তার এই অর্জন ঝিনাইদহবাসীর জন্য গর্বের বলে মনে করেন জেলার সচেতন মহল।

ভোক্তা পর্যায়ে দাম কমলো এলপিজি গ্যাসের

সারাদেশে ভোক্তা পর্যায়ে কমানো হলো তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম কমানোর নতুন ঘোষণা দিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। গত মাসের থেকে চলতি মাসে ১২ কেজির সিলিন্ডারের দাম ৩০ টাকা কমিয়ে ১ হাজার ৩৬৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

আজ সোমবার (৩ জুন) সন্ধ্যা ৬টা থেকেই এ নতুন দাম কার্যকর হবে।

এর আগে বিইআরসি চেয়ারম্যান নূরুল আমিন গণমাধ্যমকে জানান, জুন মাসের জন্য ১২ কেজির এলপিজির দাম ১ হাজার ৩৯৩ টাকা থেকে ৩০ টাকা কমিয়ে ১ হাজার ৩৬৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

এর আগে গত ২ মে ভোক্তা পর্যায়ে মে মাসের জন্য ১২ কেজির সিলিন্ডারের দাম এপ্রিল মাসের তুলনায় ৪৯ টাকা কমিয়ে ১ হাজার ৩৯৩ টাকা নির্ধারণ করা হয়। এছাড়া, টানা ৮ মাস বাড়ার পর গত ৩ এপ্রিল ভোক্তা পর্যায়ে কমানো হয়েছিল এলপিজির দাম। মার্চ মাসের তুলনায়

এপ্রিল মাসে ১২ কেজি সিলিন্ডারের দাম ৪০ টাকা কমিয়ে ১ হাজার ৪৪২ টাকা নির্ধারণ করা হয়। আর গত মার্চ মাসে ১২ কেজি সিলিন্ডারের দাম ৮ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৮২ টাকা, ফেব্রুয়ারিতে ৪১ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৭৪ টাকা ও জানুয়ারিতে ২৯ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৩৩ টাকা নির্ধারণ করা হয়েছিল।

একইসঙ্গে সোমবার অটোগ্যাসের দামও কমিয়েছে বিইআরসি। জুন মাসে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬২ টাকা ৫৩ পয়সা নির্ধারণ করা হয়েছে।

আর গত মে ও এপ্রিলে অটোগ্যাসের দামও কমিয়েছিল বিইআরসি। মে ও এপ্রিলে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬৩.৯২ টাকা ও ৬৬.২১ টাকা নির্ধারণ করেছিল সংস্থাটি। আর মার্চ মাসে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬৮.০৫ টাকা নির্ধারণ করা হয়। গত ফেব্রুয়ারি ও জানুয়ারি মাসে যা মূসকসহ নির্ধারণ করা হয়েছিল যথাক্রমে ৬৭.৬৮ টাকা ও ৬৫.৬৭ টাকা।

গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বিইআরসি জানিয়েছে, জুন মাসের জন্য সৌদি আরামকোর প্রোপেন এবং বিউটেনের ঘোষিত সৌদি সিপি প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৮০ মার্কিন ডলার ও ৫৬৫ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় সৌদি সিপি প্রতি মেট্রিক টন ৫৭০ দশমিক ২৫ মার্কিন ডলার বিবেচনায় জুন মাসের জন্য বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের দাম ভোক্তা পর্যায়ে সমন্বয় করা হলো।

সূত্র: ইত্তেফাক

সরকারি অফিস সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত

সারাদেশে আবারো স্বাভাবিক নিয়মে ফিরে যাচ্ছে দেশের সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময়সূচি। পবিত্র ঈদুল আজহার ছুটির পরে দেশের এসব অফিস চলবে সকাল

৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

আজ সোমবার (৩ জুন) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এ সময়সূচি নির্ধারণ করা হয়।

পরে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন সচিবালয়ে ব্রিফিংয়ের মাধমে সাংবাদিকদের এ তথ্য জানান।

সূত্র: ইত্তেফাক

রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ এম এ এস ইমনের

বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক ও রাজধানী টিভির চেয়ারম্যান, তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমন।

আজ শনিবার বঙ্গভবনে তিনি রাষ্ট্রপতি মো:শাহাবুদ্দিনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় রাষ্ট্রপতির সাথে তিনি কুশল বিনিময় করেন এবং বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

কলকাতায় খু*ন হলেন এমপি আনার, দেশে গ্রেপ্তার ৩

চিকিৎসার জন্য ভারতে গিয়ে নিখোঁজ ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার। কলকাতার একটি বাসায় ‘পরিকল্পিতভাবে খুন’ করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান

কিছু জানা যাবে।

তিনি বলে রাষ্ট্রীয়ভাবে এমপির মরদেহ দেশে আনা হবে। আমরা এখন মরদেহের জন্য অপেক্ষা করছি।

ভারতে পৌছে পশ্চিমবঙ্গে বরাহনগর থানার অন্তর্গত মন্ডলপাড়া লেনে গোপাল বিশ্বাস নামে পরিচিত এক ব্যক্তির বাড়িতে ওঠেন। পরের দিন ১৩ মে ডাক্তার দেখানোর জন্য বাড়ি থেকে বেরিয়ে যান। ১৫ মে বরাহনগরের বাসিন্দা গোপাল বিশ্বাসের হোয়াটস এ্যাপে ম্যাসেজ করে জানান তিনি দিল্লি যাচ্ছেন। ১৬ মে এমপির ব্যক্তিগত গাড়ি চালক তরিকুল ইসলামের ব্যক্তিগত মুঠোফোনেও একটি ম্যাসেজ পাঠিয়ে জানান দিল্লি যাওয়ার কথা। এরপর থেকে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যান আনোয়ারুল আজিম আনার। এরপর থকে পরিবার ও রাজনৈতিক নেতাদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন। তাকে ফোনে বা কোনো মাধ্যমে না পেয়ে বিষয়টি সরকারের ঊর্ধ্বতন পর্যায়ে জানান উদ্বিগ্ন এমপি পরিবার। এমপি আনোয়ারুল আজিম আনারের সাথে যোগাযোগ করতে না পেরে ১৮ মে থানায় একটি মিসিং ডাইরি করেন এমপি’র পরিচিত ভারতের বরাহনগরের বাসিন্দা গোপাল বিশ্বাস।

আনোয়ারুল আজীম আনার ঝিনাইদহ-৪ আসনের সরকার দলীয় সংসদ সদস্য। তিনি ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে টানা ৩ বার আওয়াামী লীগ থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। দির্ঘ দশ বছর হলো তিনি এলাকার উন্নয়নে কাজ করছেন। সাংসদ হিসাবে বিভিন্ন সেবামূলক কাজের জন্য তার বেশ সুনাম রয়েছে। ভোর থেকে গভীর রাত পর্যন্ত নির্বাচনী এলাকার গ্রামে গ্রামে গিয়ে মানুষের সাথে দেখা করে সমস্যা শোনেন ও সমাধান করেন। তিনি চলাচলের সময় কোন পুলিশ প্রটোকল ব্যবহার না করে একা একা চলতে স্বাচ্ছন্দ বোধ করেন। সবথেকে আলোচিত বিষয় তার নির্বাচনী এলাকায় যে কোন ব্যক্তি মারা গেলে তার বাড়িতে যান এবং শোকার্ত পরিবারকে শান্তনা দেন। এমনও হয়েছে তিনি একদিনে ১০ জন মৃত্যু ব্যক্তির বাড়িতে গিয়ে পরিবারের সাথে দেখা করেছেন। এ পর্যন্ত তিনি পাঁচ সহাস্রাধিক মৃতু ব্যক্তির দোয়া অনুষ্ঠানে যোগ দিয়েছেন। যা দেশের একজন জনপ্রতিনিধি হিসাবে বিরল।

এদিকে বুধবার সকালে ভারতীয় সংবাদমাধ্যমে আনারের খুন হওয়ার খবর আসে। তারপর দুপুরে ঢাকার ধানমন্ডিতে নিজের বাসায় পুলিশ কর্মকর্তাদের নিয়ে বৈঠকে বসেন স্বরাষ্ট্রমন্ত্রী কামাল। বৈঠক শেষে ব্রিফিংয়ে এসে তিনি সাংবাদিকদের বলেন, যতটুকু তথ্য তারা পেয়েছেন, তাতে বাংলাদেশের লোকজনই এ হত্যাকান্ডের সঙ্গে জড়িত।

তিনজনকে গ্রেপ্তার করার পাশাপাশি আরো কয়েকজনকে খোঁজা হচ্ছে।

“আমাদের কাছে যে তথ্য আছে তাতে আনোয়ারুল আজীমকে পরিকল্পিতভাবে খুন করা হয়েছে। ভারতের পুলিশ আমাদের যে তথ্য দিয়েছে, সে তথ্য অনুযায়ী আমাদের পুলিশ যারা খুন করেছে বা খুনের সঙ্গে সম্পৃক্ত ছিল, আমরা যাদের সন্দেহ করছি, তাদের মধ্য থেকে তিনজন অপরাধীকে পুলিশ ধরেছে। তাদের জিজ্ঞাসাবাদ চলছে।

আনারের বন্ধু গোপাল বিশ্বাসও বলেন, তিনি যে জিডি করেছিলেন, তার তদন্ত কর্মকর্তা শুভেন্দু গোস্বামী সকালে তাকে ফোন করে আনারের লাশ উদ্ধার করার কথা জানিয়েছেন।

পুলিশের পক্ষ থেকে বলা হচ্ছে আমরা যতটুকু খবর পাচ্ছি, সে অনুযায়ী আমরা তদন্ত করছি” আনোয়ারুল আজীম আনার যে এলাকার সংসদ সদস্য ছিলেন, ঝিনাইদহ সীমান্তবর্তী ওই এলাকাটি একটি ‘সন্ত্রাসকবলিত’ এলাকা।

স্বরাষ্ট্রমন্ত্রনন্ত্রী বলেন“আনোয়ারুল আজীম এবারও ওই এলাকার সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। চিকিৎসার জন্য যাওয়ার (কলকাতায়) পর ওই ঘটনা ঘটে। আমাদের পুলিশ বিষয়টি নিয়ে তদন্ত করছে। আমরা শিগগিরই এই খুনের মোটিভ কী ছিল তা আপনাদের জানাতে পারব। ভারতের পুলিশ আমাদের সব ধরনের সহযোগিতা করছে।”

মন্ত্রী আরও বলেন, সংসদ সদস্য আনারের খুন হওয়ার ঘটনায় আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী ভারতের পুলিশের সঙ্গে কাজ করছে বাংলাদেশ পুলিশ।
“তদন্ত শেষ হলে আপনাদের সবাইকে জানানো হবে তিনি কেন খুন হয়েছেন, কে কে খুন করেছে, কী ধরনের অস্ত্র দিয়ে খুন হয়েছেন।”

বাংলাদেশের একজন সংসদ সদস্য ভারতে গিয়ে খুন হলেন, এ ঘটনায় দুই দেশের সম্পর্কে ফাটল ধরবে কিনা এমন প্রশ্নে মন্ত্রী বলেন, “ঘটনার পর থেকে ভারত আমাদের সব ধরনের সহযোগিতা করে আসছে। এখানে সম্পর্কে ফাটল ধরার মত কোন কিছু হয়নি। কারণ হত্যায় যুক্তরা সবাই বাংলাদেশি, এখানে কোনো ভারতীয় নেই।”

স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পুলিশের মহাপরিদর্শক চৌধুরী আব্দুল্লাহ আল মামুন এবং ঢাকার পুলিশ কমিশনার হাবিবুর রহমানও ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন।

স্বরাষ্ট্রমন্ত্রীর ব্রিফিংয়ের কিছুক্ষণ পর ঢাকায় গোয়েন্দা পুলিশ কার্যালয়ে সাংবাদিকদের মুখোমুখি হন এমপি আনারের মেয়ে মুমতারিন ফেরদৌস ডোরিন।

তিনি বলেন, “আপনার সবাই ইতোমধ্যে জেনেছেন যে আমার বাবাকে হত্যা করা হয়ছে, এজন্য আমি ডিবি কার্যালয়ে এসেছি। এই মামলার মোট আসামি ৫ জন, ৩ জনকে ধরেছে। বাকিদের ধরার চেষ্টা করছে। সব বিষয়ে জানতে এবং মামলা করতে এসেছি।”

এ বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে বলে জানান এমপি’র মেয়ে ডোরিনের, তিনি বলেন, “ডিবির সব কর্মকর্তা আমাদের আশ্বস্ত করেছেন আসামিদের ধরার ব্যাপারে। আন্তরিকতার সঙ্গে তারা সহযোহিতা করছেন। আমি বাবা হত্যার বিচার চাই। খুনিদের শাস্তি দেখতে চাই। প্রকাশ্যে তাদের মৃত্যু দেখতে চাই।”

কাউকে সন্দেহ করছেন কি না এ প্রশ্নে এমপি আনারের মেয়ে বলেন, “আমি চিনি না। কিন্তু তাদের চিনতে চাই। কাউকে আমি সন্দেহ করছি না। কিন্তু খুনিদের পরিচয় জানতে চাই। তারপর আমি আমার সন্দেহের কথা প্রকাশ করব।”

এভারেস্টের পর লোৎসে জয় করলেন বাবর আলী

বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ এভারেস্ট জয়ের দুই দিন পরেই প্রথম বাংলাদেশী হিসেবে বিশ্বের চতুর্থ সর্বোচ্চ শৃঙ্গ লোৎসে জয় করলেন বাবর আলী।

আজ মঙ্গলবার (২১ মে) বাংলাদেশ সময় ৬টা ৫ মিনিটে বাবর আলী লোৎসের চূড়ায় দাঁড়ান।

বাবর আলীর লোৎসে জয়ের তথ্য গণমাধ্যমকে নিশ্চিত করেছেন অভিযানের সমন্বয়ক ফরহান জামান।

ফারহান জামান বলেন, আজ ভোরে বাবর আলী লোৎসে জয় করেছেন।

বাংলাদেশের ইতিহাসে বাবর আলীই প্রথম ব্যক্তি যিনি একই অভিযানে দুটি আট হাজার মিটার পর্বত সামিট করেছেন।

বাবর আলী সুস্থ আছেন । আজ তিনি রওনা দিয়ে ক্যাম্প-৪ এ এসে পৌঁছাবেন বলে আশা করছি বলে আরও জানান ফারহান জামান।

লোৎসের উচ্চতা ২৭ হাজার ৯৪০ ফুট (৮ হাজার ৫১৬ মিটার)।

এর আগে গত রোববার (১৯ মে) বাংলাদেশ সময় সকাল পৌনে ৯টায় পঞ্চম বাংলাদেশি হিসেবে বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্টের চূড়ায় পৌঁছান বাবর আলী।

জানা গেছে, চলতি বছরের ১ এপ্রিল নেপালের উদ্দেশে দেশ ছাড়েন চট্টগ্রামের বাবর আলী। পর্বতারোহণের প্রয়োজনীয় অনুমতি ও নানা সরঞ্জাম কেনার কাজ শেষ করে নেপালের রাজধানী কাঠমান্ডু থেকে লুকলার উদ্দেশ্যে রওনা দেন তিনি। সেখানে অবস্থান করেন সপ্তাহখানেক। ট্রেকিং পর্ব শেষ করে পৌঁছান এভারেস্টের বেস ক্যাম্পে। মূল অভিযান শুরু হয় সেখান থেকে।

চট্টগ্রাম মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে ডাক্তার হয়েছেন বাবর। ভালো চাকরিও করেছেন, কিন্তু ডাক্তারীর মত লোভনীয় পেশা তাঁকে আটকিয়ে রাখতে পারেনি, হয়েছেন পরিব্রাজক ঘুরেছেন পাহাড় থেকে পাহাড়ে। পায়ে হেঁটে ঘুরেছেন বাংলাদেশের ৬৪ জেলা, বাইসাইকেল চালিয়ে বেড়িয়েছেন ভারতের উত্তরে কাশ্মীর থেকে দক্ষিণে কন্যাকুমারী পর্যন্ত। আরোহণ করেছেন হিমালয়ের দাবা আবলাম পর্বত।

বাবর আলীর ঘনিষ্ট মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু। তিনি বলেন, ঘটনাক্রমে ২০১৯ সালে ছেলেটির সাথে আমাদের পরিচয় হয়। তারপর থেকে কয়েকবার মেহেরপুর এসেছেন এবং আমাকে ধন্যকরে আমাদের বাসায় রাত্রিযাপনও করেছেন, অনেক বিষয়ে কথা হয়েছে। প্রথম বাংলাদেশি হিসেবে তিনি একই সাথে হিমালয়ের দুটি সর্বোচ্চ পর্বতে আরোহণ করে বাংলাদেশের পতাকা উত্তোলন করেছেন এটা আমরা বাংলাদেশী হিসেবে গর্বিত।

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আজিম আনার ‘নিখোঁজ’!

চিকিৎসার জন্য ভারতে গিয়ে নিখোঁজ রয়েছেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। পরিবারের সদস্যরা গত কয়েকদিন ধরে তার সঙ্গে যোগাযোগের চেষ্টা করে ব্যর্থ হয়ে উদ্বেগ-উৎকণ্ঠায় পড়েছেন। আনোয়ারুল আজিম আনারের সন্ধানে গতকাল শনিবার ভারতে গেছেন তার ভাতিজা সাইমনসহ আরো তিনজন। আজ (১৯ মে) রবিবার পর্যন্তও তারা কোনো খোঁজ পায়নি।

সংসদ সদস্যের ব্যক্তিগত সহকারী আব্দুর রউফ বলেন, গত ১২ মে ঝিনাইদহের কালীগঞ্জ থেকে চুয়াডাঙ্গার দর্শনা বর্ডার হয়ে চিকিৎসার জন্য ভারত যান আনার। ভারতে গিয়ে তিনি পশ্চিমবঙ্গের নিউ টাউন এলাকায় বন্ধু গোপালের বাসাতে ওঠেন।

তিনি বলেন, ১৩ মে পরিবারের সদস্যদের সঙ্গে হোয়াটসঅ্যাপে কথা হয় সংসদ সদস্যের। পরের দিন ১৪ মে একবার কথা হওয়ার পর তার মোবাইল ফোন ও হোয়াটসঅ্যাপে আর কোনো যোগাযোগ স্থাপন করতে পারেনি পরিবারের সদস্য ও রাজনৈতিক নেতারা।

আনোয়ারুল আজিম আনার নিখোঁজ থাকার বিষয়টি পরিবারের সদস্যরা প্রধানমন্ত্রীকে অবগত করেছেন বলে জানান আব্দুর রউফ। নিখোঁজের বিষয়টি নিয়ে ইতোমধ্যেই বিভিন্ন গোয়েন্দা বিভাগ খোঁজ নিতে শুরু করেছেন বলে কয়েকটি বিশ্বস্থ সূত্রে জানা গেছে।

ঝিনাইদহ জেলা আ’লীগের সভাপতি ও সাবেক সাংসদ শফিকুল ইসলাম অপু জানান, তিনি এ বিষয়ে কিছুই জানেন না। তবে যদি ঘটনা সত্য হয় তবে খুবই উদ্বেগ ও দুঃখজনক ব্যাপার। তিনি দল ও সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানাবেন বলেও সাবেক এই সংসদ জানান।

ঝিনাইদহ জেলা আ’লীগের সাধারণ সম্পাদক সাইদুর করিম মিন্টু বলেন, বিষয়টি তার পরিবার গতকাল আমাকে জানিয়েছেন। তিনি এ ব্যাপারে খোঁজখবর নিয়ে জানাবেন বলেও জানান। এ ব্যাপারে কালীগঞ্জ থানার ওসি মোহাম্মদ আবু আজিফ জানান, স্থানীয় এমপি সাহেবের নিখোঁজ থাকা এমন একটি খবর লোকমুখে শুনেছি। তবে কেউ আমাকে লিখিত ভাবে জানায়নি।